

## আমের বিছা পোকা / Mango defoliator

বৈজ্ঞানিক নাম: *Cricula trifenestrata* পরিবার: Saturniidae বর্গ: Lepidoptera

আমের পাতা খেচো বিছা পোকা দেশের পূর্বাঞ্চলীয় কয়েকটি জেলা বিশেষ করে যমুনা নদীর পূর্বাংশে আম গাছের এক মহা ক্ষতিকর পোকা। প্রতি বছর এ পোকাকার আক্রমণ নাও হতে পারে। সাধারণত ফেব্রুয়ারি, এপ্রিল, জুলাই ও সেপ্টেম্বর মাসে বিছা পোকাকার মথ দেখতে পাওয়া যায়।

### ক্ষতির লক্ষণঃ

- এ পোকা মধ্যশিরা বা পার্শ্বশিরা ব্যতীত পাতার সমস্ত অংশ খেয়ে ফেলে। খাওয়া পাতা দেখতে অনেকটা মাছের কাটার মতো দেখায়।
- গাছ আংশিক বা সম্পূর্ণভাবে পত্রশূন্য হয়ে পড়ে।
- ঘাছের নীচে কীড়ার মল দেখতে পাওয়া যায়।
- আক্রান্ত আম গাছে অসময়ে নতুন পাতা বের হয় এবং মুকুল আসে না।



আক্রান্ত পাতা



আক্রান্ত গাছ

### দমন ব্যবস্থাপনাঃ

- নিয়মিত আমবাগান পরিদর্শন করতে হবে। বিছা পোকাকার উপস্থিতি দেখা দেয়া মাত্র পোকাকার ডিমের গাদা সহ আমের পাতা সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে।
- পূর্ণতা প্রাপ্ত শূয়া পোকা কীটনাশক প্রয়োগে মারা কঠিন বিধায় আম গাছে শূয়া পোকাকার ছোট ছোট কীড়া দেখা দেওয়া মাত্র সেগুলি পাতা সহ সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে।
- আম গাছের আক্রান্ত ডালপালা, পাতা ইত্যাদি সরিয়ে ফেলতে হবে। এতে করে পরের মৌসুমে আক্রমণ কম হবে।
- প্রতি লিটার পানির সাথে ২.০ মিলি হারে ফেনিট্রোথিয়ন ৫০ ইসি (করোফেন ৫০ ইসি) ডাইমেথয়েট গ্রুপের কীটনাশক (রগর/রক্সিয়ন/টাফগার ৪০ ইসি) মিশিয়ে স্প্রে করলে এ পোকাকার আক্রমণ কমানো সম্ভব হবে। [তথ্য সূত্র:-উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট প্রকাশনা- জুন/২০১১]

### আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।